গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় সঞ্চয় অধিদপ্তর**
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
www.nationalsavings.gov.bd

## জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন টিম-এর আগস্ট ২০১৭ মাসের সভার

# কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আবু তালেব, পরিচালক (যুগ্ম-সচিব)<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ২৮ আগস্ট ২০১৭ খ্রিঃ; সকাল ১০.০০ ঘটিকায়। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের তালিকা পরিশিষ্ট-**'ক'** তে দেখানো হয়েছে।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব বাবলু কুমার সাহা। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং শোকাবহ আগস্ট মাসে শাহাদত বরণকারী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনের জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উপ-পরিচালক ও জাতীয় সঞ্চয় অধিদপ্তর ইনোভেশন টিম এর সদস্য-সচিব জনাব মুহাম্মদ মিজানুর রহমানকে অনুরোধ জানালে জনাব রহমান আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ**

০১। সভার শুরুতেই জাতীয় সঞ্চয় অধিদপ্তর ইনোভেশন টিমের বিগত সভার কার্যবিবরণীর উপর আলোচনা হয় এবং আলোচনান্তে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচি-০২: বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৭ পর্যালোচনাঃ**

০২। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা-২০১৭ বাস্তবায়ন, জুলাই/১৭ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়; যা নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (০১) | ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি এবং উদ্ভাবন সংক্রান্ত পেইজ সংযোজন; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েব সাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি, উদ্ভাবন সংক্রান্ত এবং ইজিপি সংক্রান্ত পেইজ স্থাপনের বিষয়ে উপ-পরিচালক (পলিসি) জনাব মুহাম্মদ মিজানুর রহমান বলেন- এ বিষয়ে a2i কারিগরী সহযোগীতার জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সাথে একটি চুক্তি করার জন্য ১৭/০৮/২০১৭খ্রিঃ নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), আগারগাঁও, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। সভায় উপস্থিত প্রধান অতিথি বলেন, সময়ে সময়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিদ্যমান ওয়েব সাইটটি হাল-নাগাদ করা প্রয়োজন। এ-বিষয়ে সহকারী পরিচালক, জনাব মোঃ রেজানুর | (ক) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েব সাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত; উদ্ভাবন সংক্রান্ত এবং ইজিপি সংক্রান্ত পেইজ স্থাপনের নিমিত্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সাথে চুক্তি সম্পাদনসহ ওয়েব সাইটে পেইজ সংযোজনের কাজ করতে হবে।<br>(খ) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিদ্যমান ওয়েব সাইট এর হাল-নাগাদ অব্যাহত রাখতে | উপ-পরিচালক (পলিসি) এবং সহকারী পরিচালক (জনসংযোগ)<br>সহকারী পরিচালক (জনসংযোগ) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | রহমান বলেন-জেলা পোর্টালে অবস্থিত জেলা সঞ্চয় অফিসের ওয়েব পেইজটি হাল-নাগাদ রাখার জন্য সকল জেলা অফিসকে ১৩/০৮/২০১৭খ্রিঃ তারিখে পত্র দেয়া হয়েছে। প্রধান অতিথি এ বিষয়ে সন্তোষ প্রকাশ করে বলেন, সার্বক্ষনিকভাবে বিষয়টি তদারকী করতে হবে এবং পরবর্তী সভায় হাল-নাগাদ অবস্থা জানাতে হবে। | হবে এবং অধিদপ্তর কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানের ছবি ওয়েবসাইটে আপলোড করতে হবে। | |
| | | | (গ) জেলা পোর্টালে অবস্থিত জেলা সঞ্চয় অফিসের ওয়েব পেইজটি হাল-নাগাদ রাখতে হবে। এ বিষয়ে সহকারী পরিচালক (পলিসি) সময়ে সময়ে খোজ-খবর নিবেন। | সংশ্লিষ্ট সকল সঞ্চয় অফিস/ সহকারী পরিচালক (পলিসি)। |
| (০২) | জাতীয় সঞ্চয় ব্যুরোর সকল কার্যালয়ে ই-সেভিং সফটওয়্যার চালুকরণ; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী **চলতি অর্থ-বছরের মধ্যে** সকল সঞ্চয় ব্যুরোতে ই-সেভিংস সফট্ওয়ার চালু করার বাধ্যবাধকতা রয়েছে। তাছাড়া জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পাতেও ই-সেভিংস সফট্ওয়ার চালু করার নির্দেশনা রয়েছে। সহকারী পরিচালক (জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, এ পর্যন্ত ৪৫টি সঞ্চয় ব্যুরোতে ই-সেভিংস সফটওয়ার চালু করা হয়েছে। ডিসেম্বর/২০১৭ মাসের মধ্যে ডাটা এন্ট্রির কাজ শেষ করার বিষয়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রশাসন শাখা হতে একটি তাগিদ পত্র ইতোমধ্যে জারী করা হয়েছে। বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালকগণ বিষয়টি তদারকী করবেন-মর্মে সভায় পুনরায় আলোচনা হয়। | (ক) কর্ম-পরিকল্পনা (Action Plan) অনুযায়ী আগামী ডিসেম্বর/১৭ মাসের মধ্যে অবশিষ্ট ২৬টি অফিসের ই-সেভিংস সফট্ওয়ার চালু নিশ্চিত করতে হবে। বিভাগীয় উপ-পরিচালকগণ এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন। | সহকারী পরিচালক (জনসংযোগ) |
| (০৩) | উঠান বৈঠকের মাধ্যমে উদ্বুদ্ধকরণ; | সভায় জানানো হয় যে, জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন কর্ম-পরিকল্পনা এবং গত মাসের ইনোভেশন টিম এর সভার সিদ্ধান্ত অনুযায়ী উপ-পরিচালক (পলিসি) এবং সহকারী পরিচালক (বাজেট) উঠান বৈঠকের কর্ম-পরিকল্পনা দাখিল করেছেন। সভায় উপস্থিত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বলেন, প্রধান কার্যালয়ে কর্মরত অবশিষ্ট সকল কর্মকর্তাকে আগামী সেপ্টেম্বর/২০১৭ মাসের মধ্যে কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে দাখিল করতে হবে। | প্রধান কার্যালয়ে কর্মরত অবশিষ্ট সকল কর্মকর্তা ২টি করে জেলা সঞ্চয় অফিস/ব্যুরোর মাধ্যমে সংশ্লিষ্ট অঞ্চলে উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনার কর্ম-পরিকল্পনা (Action Plan) প্রণয়ন করে আগামী সেপ্টেম্বর, ২০১৭ মাসের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করবেন। | প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা। |
| (০৪) | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল অফিসে সিসি-টিভি ক্যামেরা স্থাপন; | ইতোমধ্যে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে অবস্থিত সঞ্চয় অফিসসহ সারা দেশের সকল বড় জেলায় অবস্থিত সঞ্চয় অফিস এবং পার্বত্য জেলা অফিসে সিসিটিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে-সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মনির হোসেন সভাকে অভিহিত করেন। তিনি বলেন- এ পর্যন্ত ২৯টি অফিসে সিসি ক্যামেরা | চলতি ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যে অবশিষ্ট সকল সঞ্চয় অফিসে সিসিটিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক (বাজেট) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | স্থাপন করা হয়েছে এবং ৫০টি অফিস অবশিষ্ট আছে। অবশিষ্ট অফিসগুলোতে চলতি ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যে সিসিটিভি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। | | |
| (০৫) | উদ্ভাবনী সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ ও বাস্তবায়ন; | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্যে হতে তিনটি টিম উদ্ভাবনী সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করেছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের পক্ষে উপ-পরিচালক (পলিসি) জনাব মুহাম্মদ মিজানুর রহমান ৩টি টিমের কাজের অগ্রগতি সভাকে জানান। এতে মহাপরিচালক মহোদয় সন্তোষ প্রকাশ করেন। তৃতীয় টিমের সদস্য মোসাম্মাৎ রুমানা সিদ্দিকা, সহকারী পরিচালক (অডিট ও আইন) সভাকে জানান যে, ৩য় টিমের টিম লিডার উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, সিলেট উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে পাইলটিং এরিয়া মৌলভীবাজারের চাঁদনীঘাট ও গিয়াসনগর ইউনিয়নের চেয়ারম্যান, সদস্য ও ইউডিসি উদ্যোক্তাদের সাথে গত ২৭/০৭/২০১৭খ্রিঃ তারিখ একটি বৈঠক করেছেন। বৈঠকে ইউডিসি উদ্যোক্তাদের উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে পরামর্শ প্রদান করা হয়েছে এবং পরবর্তীতে আরো বৈঠক করা হবে এবং যথাসময়ে উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করা সম্ভব হবে। মহাপরিচালক মহোদয় প্রতিশ্রুতি অনুযায়ী সকল টিমের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হতে নির্দেশনা প্রদান করেন। | উদ্ভাবনী সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ে মধ্যে সকল টিমের উদ্ভাবনী কাজ শেষ করতে হবে। | প্রশিক্ষণে অংশ গ্রহণকারী সকল কর্মকর্তাবৃন্দ। |
| (০৬) | ২০১৭-১৮ অর্থ বছরের জন্য ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন; | সভাপতি মহোদয় এপিএ বাস্তবায়নসহ ইনোভেশন, শুদ্ধাচার ও নৈতিকতাসহ অন্যান্য কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। | জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত ২০১৭-১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, শুদ্ধাচার ও নৈতিকতাসহ প্রণয়নকৃত অন্যান্য কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

০৩। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন টিম এর সকল সদস্য এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৭/৮/১৭

(মোঃ আবু তালেব)
পরিচালক (যুগ্ম-সচিব)
ফোন : ০২-৯৫৮৮৪০৯।

**পরিশিষ্ট-ক**

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইনোভেশন টিমের আগস্ট/২০১৭ অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ

০১। জনাব রাজিয়া বেগম, উপ-পরিচালক (প্রশাসন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০২। জনাব মুহাম্মদ মিজানুর রহমান, উপ-পরিচালক (পলিসি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৩। জনাব মোহাম্মদ মনির হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৪। জনাব সুলতানা জাকিয়া, সহকারী পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

উপস্থিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের তালিকাঃ

০১। জনাব মোহাম্মদ হাবীবুর রহমান, পরিচালক (পলিসি ও বাজেট) , জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। জনাব মোঃ রেজানুর রহমান, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। জনাব মোহাম্মদ খলিলুর রহমান, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। জনাব রুমানা সিদ্দিকা, সহকারী পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। জনাব মোঃ মাসুদুর রহমান, সহকারী পরিচালক, জনসংযোগ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

০৬। জনাব দেবেন্দ্র নাথ বিশ্বাস, উচ্চমান সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

নং-০৮.০৪.০০০০.০১২.০৬.০০৬.১৭- ২০৯

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৯ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পরিচালক (প্রশাসন/পলিসি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। উপ-পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ---------------------------------------।

০৪। উপ-পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, ----------------------------------------------------।

০৫। সহকারী পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা -------------------------------।

০৬। সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ----------------------------------------------।

০৭। সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, ---------------------------------------------------।

০৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯। অফিস নথি।

২৯/৮/১৭

(মোঃ আবু তালেব)
পরিচালক (যুগ্ম-সচিব)